ডাইরী নং- ২১৫১
তাং- ০৫/০৭/২০২৬ খ্রিঃ
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
বেলকুচি, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.২৬৮

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩
২৯ জুন ২০২৬

বিষয়: সকল শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে Drop Down Banner প্রদর্শন ও উপজেলায় অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপনের কার্যক্রমে সহযোগিতা ও সমন্বয় সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের ক্রীড়া উন্নয়নে সরকারের নির্বাচনী প্রতিশ্রুতির অংশ হিসাবে তৃণমূল পর্যায় থেকে ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের মধ্য থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ হিসাবে গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচি ০২ মে ২০২৬ তারিখ সিলেট জেলা স্টেডিয়ামে শুভ উদ্বোধনের মধ্য দিয়ে সারাদেশে একযোগে এ কর্মসূচির কার্যক্রম শুরু হয়েছে। মাননীয় প্রধামন্ত্রীর উপস্থিতিতে আগামী ২৭-৩০ জুলাই ২০২৬ তারিখের সুবিধাজনক সময়ে 'নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬' সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মাধ্যমে নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬ সমাপ্ত হবে। নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭ এর কার্যক্রম নতুন করে শুরু হবে। 'নতুন কুঁড়ি স্পোর্টস'-২০২৬-২৭ এর আওতায় ১০টি ইভেন্টের প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে আগামী সেপ্টেম্বর ২০২৬ এ শুরু হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন এর কার্যক্রম ০১ জুলাই ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত চলমান থাকবে।

০২। এমতাবস্থায়, 'নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬-২০২৭' কর্মসূচিতে ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণ ও ব্যাপক প্রচারণার উদ্দেশ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে Drop Down Banner প্রদর্শন এবং উপজেলায় অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপনে সহযোগিতা ও সমন্বয় প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯-০৬-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব

জেলা প্রশাসক (সকল)।

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ
belkuchi.sirajganj.gov.bd

স্মারক নম্বর:-০৫.৪৩.৮৮১১.০০১.১৪.০০১.২৫. ১০১৮

তারিখ: ০১/০৭/২০২৬ খ্রি:

অনুলিপি অবগতি ও বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০১.০৭.২৬
(আফরিন জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ
মোবাইল নম্বর - ০১৭৩৩-৩৩৫০৪০

০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ
০২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার বেলকুচি, সিরাজগঞ্জ

ক্রীড়া হবে পেশা, পরিবার পাবে ভরসা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ক্রীড়া পরিদপ্তর

স্বাস্থ্যের পথে, বিজয়ের সাথে

# নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭

# রেজিস্ট্রেশন করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ফুটবল | ক্রিকেট | কাবাডি | অ্যাথলেটিক্স | ভলিবল |
| ব্যাডমিন্টন | দাবা | মার্শাল আর্ট | সাঁতার | টেবিল টেনিস |

## ১০টি ইভেন্টে বালক ও বালিকাদের অংশগ্রহণের সুযোগ

## আবেদনের নিয়মাবলি

**অংশগ্রহণের বয়সসীমা:**
১২ থেকে ১৪ বছর বয়সি ছাত্র-ছাত্রী
(জন্ম তারিখ: ০১ সেপ্টেম্বর ২০১২ থেকে ৩১ আগস্ট ২০১৪ এর মধ্যে)

**আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র**

০১. অনলাইন ভেরিফাইড জন্মনিবন্ধন সনদ।
০২. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।
০৩. ৬ষ্ঠ বা ৮ম শ্রেণির ভর্তি রেজিস্ট্রেশন কার্ড।
০৪. স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক বর্তমান শ্রেণির সত্যায়িত টট লিস্ট এর কপি।
০৫. সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

**ইভেন্টসমূহ**
ফুটবল, ক্রিকেট, কাবাডি, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, দাবা
মার্শাল আর্ট (কারাতে, উশু, তাইকোয়ানডো, জুডো), সাঁতার, ভলিবল ও টেবিল টেনিস।
(একজন সর্বোচ্চ দুটি খেলায় অংশ নিতে পারবে)

## রেজিস্ট্রেশনের শেষ সময়:
**১ জুলাই ২০২৬ থেকে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত**

**রেজিস্ট্রেশনের জন্য ভিজিট করুন:**
**notunkurisports.gov.bd**

আয়োজনে
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ।
usco_bel@yahoo.com

তারিখঃ ০৫/০৭/২৬ খ্রি.।

স্মারক নংঃ উমাশিঅ/বেল/সিরাজ/২০২৬/১৭০(৪৩)

অনুলিপি সদয় অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, ................................................ কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা, বেলকুচি, সিরাজগঞ্জ। (পত্রের নির্দেশনা মোতাবেক আপনার শিক্ষা প্রতিষ্ঠানে 'নতুন কুঁড়ি স্পোর্টস -২০২৬-২০২৭' কর্মসূচিতে ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের স্বতস্ফুর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণে রেজিস্ট্রেশন সম্পন্নকরন ও ব্যাপক প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।

২। অফিস নথি

০৫/৭/২০২৬

(এস,এম, গোলাম রেজা)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ

CamScanner